

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৭৩৮(আগরতলা, ০৩।১১)

সার্বম, ০৩ নভেম্বর, ২০১৮

ভগবান বুদ্ধের শান্তির ভাবাদর্শে উদ্বুদ্ধ হতে  
ওয়া উৎসবে উপজাতি কল্যাণমন্ত্রীর আহ্বান

দক্ষিণ ত্রিপুরা জেলার সার্বম মহকুমার বনকুল ধর্মদীপা ইংলিশ মিডিয়াম স্কুল প্রাঙ্গণে আয়োজিত ১৭তম রাজ্যভিত্তিক ওয়া উৎসবের দ্বিতীয় দিনের অনুষ্ঠানে গতকাল প্রধান অতিথি হিসেবে উপজাতি কল্যাণমন্ত্রী মেবার কুমার জমাতিয়া উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি বলেন, ভগবান বুদ্ধের শান্তির ভাবাদর্শে এই ওয়া উৎসব অনুষ্ঠিত হয়। ভগবান বুদ্ধ মানুষের জরা ব্যাধি, দুঃখ কষ্ট দূর করে নেশামুক্ত সমাজ গঠনের জন্য শান্তির বাণী শুনিয়েছেন। তিনি যুব সমাজকে ভগবান বুদ্ধের ভাবাদর্শে উদ্বুদ্ধ করে সুষ্ঠু সমাজ গঠন করার আহ্বান জানান। এছাড়াও অনুষ্ঠানে বক্তব্য রাখেন বৌদ্ধ ধর্মগুরু ড: ধর্মপিয়া রাষ্ট্রীয় পুরস্কার প্রাপ্ত বিশিষ্ট শিক্ষিকা ক্রাইরি মগ চৌধুরী, তথ্য ও সংস্কৃতি দপ্তরের অবসরপ্রাপ্ত যুগ্ম অধিকর্তা থইকই চৌধুরী, ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদের সদস্য সাথই মগ, রূপাইছড়ি বি এ সি চেয়ারম্যান ধনঞ্জয় ত্রিপুরা, রূপাইছড়ি ব্লকের বি ডি ও তাপস কুমার সিনহা প্রমুখ। স্বাগত ভাষণ দেন মগ সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের সংস্কৃতি সম্পাদক থইলাও মগ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মগ সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের রাজ্য সভাপতি সুচলা মগ। উপজাতি কল্যাণমন্ত্রী মেবার কুমার জমাতিয়া সহ অন্যান্য অতিথিগণ প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনা প্রকল্পে ৮ জন মহিলার হাতে রান্নার গ্যাসের সংযোগের কাগজপত্র তুলে দেন। উৎসবে তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং মগ সামাজিক সাংস্কৃতিক সংগঠনের উদ্যোগে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

\*\*\*\*\*